দিবানিশি করিয়া যতন
হৃদয়েতে রচেছি আসন–
জগতপতি হে, কৃপা করি   হেথা কি করিবে আগমন ॥
অতিশয় বিজন এ ঠাঁই,  কোলাহল কিছু হেথা নাই–
হৃদয়ের নিভৃত নিলয়   করেছি যতনে প্রক্ষালন ।
বাহিরের দীপ রবি তারা   ঢালে না সেথায় করধারা–
তুমিই করিবে শুধু, দেব, সেথায় কিরণবরিষন ।
দূরে বাসনা চপল,  দূরে প্রমোদ-কোলাহল–
বিষয়ের মান-অভিমান  করেছে সুদূরে পলায়ন ।
কেবল আনন্দ বসি সেথা,  মুখে নাই একটিও কথা–
তোমারি সে পুরোহিত, প্রভু,  করিবে তোমারি আরাধন–
নীরবে বসিয়া অবিরল  চরণে দিবে সে অশ্রুজল,
দুয়ারে জাগিয়া রবে একা  মুদিয়া সজল দু’নয়ন ॥

---

Parjaay: Puja O Prarthana, Taal: Tritaal, Raag: Mishra-Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail